দামুড়হুদায় রিভন এগ্রো’র কম্পোস্ট প্ল্যান্টের উদ্বোধন

নিরাপদ মাংস ও দুগ্ধজাত পণ্যের বাজার উন্নয়ন শীর্ষক ভ্যালু চেইন উপ-প্রকল্পের আওতায় দামুড়হুদা জয়রামপুর রিভন এগ্রো’র কম্পোস্ট প্ল্যান্টের উদ্বোধন করেন ওয়েভ ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক মহসিন আলী। গতকাল শনিবার বিকাল ৩ টার দিকে পিকেএসএফ এর আর্থিক ও কারিগরি সহযোগিতায় জয়রামপুর শেখ পাড়ায় রিভন এগ্রো’র কম্পোস্ট প্ল্যান্টের শুভ উদ্বোধন হয়।

রিভন এগ্রো’র কম্পোস্ট প্ল্যান্টের স্বত্বাধিকারী আনোয়ারুল হক এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, হাউলী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান নিজাম উদ্দীন, ওয়েভ ফাউন্ডেশন পরিষদের সদস্য শামীম আরা প্রভাতী, ওয়েভ ফাউন্ডেশন এর প্রশাসন ও মানবসম্পদ বিভাগের পরিচালক ইফতেখার হোসেন, ওয়েভ ফাউন্ডেশন এর এডভাইজার আহমেদ বোরহান, ওয়েভ ফাউন্ডেশন এর আরএমটিপি’র প্রকল্পের ব্যবস্থাপক ডা. এ এস এম শহীদ, ওয়েভ ফাউন্ডেশনের সিনিয়র সমন্বয়কারী কামরুজ্জামান।

এছাড়া উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা ভার্মি কম্পোটস এর মালিক ইরফান বিশ্বাস, তৌফিক এগ্রো সাপোর্ট এর মালিক তৌফিক ইসলাম , রিভন এগ্রো’র কম্পোস্ট প্ল্যান্টের স্বত্বাধিকারী মালিক মনিরুজ্জামান, সাজেদুর রহমানসহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ।

উদ্যেক্তারা বলেন, আমরা ওয়েভ ফাউন্ডেশনের পরামর্শে জৈব সার তৈরীর কারখানা দিয়েছি। জৈব সার তৈরি করছি, বিভিন্ন জায়গা থেকে অর্ডার আসছে জৈব সার ক্রয় করার জন্য। আমরা চেষ্টা চালিয়ে যাচ্ছি রাসায়নিক সারের পরিবর্তে জৈব সার ব্যবহার করার জন্য কৃষকদের হাতে পৌঁছে দেবো জৈব সার। এতে একদিকে জমি বাঁচবে অন্য দিকে ফলন বাড়বে। অনুষ্ঠানটি প্রাণবন্ত সঞ্চালনায় ছিলেন, মোহাম্মদ আশরাফুল হক ভ্যালু চেইন ফ্যাসিলিটেটর।